শিশুদের জন্য বাইবেল

নিবেদন করছে

চল্লিশ বছর



লেখক: Edward Hughes
চিত্রাংকন: Janie Forest; Alastair Paterson
অভিযোজন: Lyn Doerksen
অনুবাদক: Manab Biswas
প্রযোজনায়: শিশুদের জন্য বাইবেল
www.M1914.org

BFC
PO Box 3
Winnipeg, MB R3C 2G1
Canada

©2021 Bible for Children, Inc
স্বত্তাধিকার: গল্পটির অনুলিপি বা প্রিন্ট ব্যবহার করা যাবে তবে বিক্রয় করা যাবেনা ।



ঈশ্বর যখন ইস্রায়েলীয়দের মিশর থেকে উদ্ধার করলেন, তখন মোশি তাদের উপাসনার দিকে চালিত করল। তিনি একটি প্রশংসার গান রচনা করেছিলেন। “আমি ঈশ্বরের কাছে গান করব, কারণ তিনি আমাকে গৌরবময় বিজয় দিয়েছন”। ঈশ্বর ইস্রায়েলীয়দের জন্য যে সমস্ত মহান কাজ করেছিলেন, সে সমস্ত বিষয় নিয়ে মোশি গান গাইলেন।





মরুভূমিতে তিনদিন কাটানোর পর তৃষ্ণার্ত লোকেরা একটা জলাশয় দেখতে পেল। কিন্তু তারা তেতো জল পান করতে পারল না। প্রার্থনা করার পরিবর্তে তারা অভিযোগ করতে লাগল। ঈশ্বর তাদের প্রতি দয়াশীল ছিলেন।

তিনি সেই জলকে পান করার জন্য শুদ্ধ করলেন।

এটা মনে হচ্ছিল যে, তারা সব কিছুতেই অভিযোগ করতে লাগল। তারা কাঁদতে লাগল, “এই মরুভূমিতে আমরা খিদেয় মরে যাব, মিশরে অনেক খাবার ছিল”। সেই দিন সন্ধ্যাবেলায় ঈশ্বর ভারুই পাখি পাঠালেন, লোকেরা খুব সহজে তাদের ধরতে পারল।

পরদিন সকালে
ঈশ্বর মান্না পাঠালেন।
এটা একরকম রুটির
মতো, যেটার স্বাদ
অনেকটা মধুর মতো।



সংগ্রহের জন্য
প্রতিদিন সকালে মান্না
পড়ে থাকত। ঈশ্বর
এইভাবে মরুভূমিতে
লোকদের খাদ্য
জুগিয়েছিলেন।

নতুন খাদ্যের জন্য তাদেরকে প্রতিদিন ঈশ্বরের উপর নির্ভর করতে হত। কিন্তু কিছু কিছু লোক অতিরিক্ত মান্না সংগ্রহ করেছিল, যদিও ঈশ্বর বলেছিলেন এটা রাতের মধ্যে পচে যাবে।



নিশ্চিতভাবে বিশ্রামদিন ছাড়া গতকালের মান্নায় কীটে ভর্তি। ঐ সপ্তম দিনে লোকেরা বিশ্রাম নিত এবং গতকালের মান্না খেত।



ঈশ্বর মরুভূমিতে ইস্রায়েলীয়দের দেখাশোনা করেছিলেন। তিনি তাদের খাদ্য ও পানীয় জুগিয়েছিলেন এবং শত্রুদের হাত থেকে রক্ষা করেছিলেন।

অমালেকীয়রা যখন আক্রমণ করল, তখন ইস্রায়েলীয়রা যুদ্ধে জিতেছিল, যতক্ষণ মোশি ঈশ্বরের লাঠি উঁচু করে রেখেছিল।





ঈশ্বর ইস্রায়েলীয়দের বললেন, “যদি তোমরা আমার বাক্য মান্য কর, তাহলে তোমরা আমার বিশেষ লোক হবে”। লোকেরা মোশিকে বলল, “ঈশ্বর যা বলেছেন, আমরা তা করব”। তারা সীনয় পর্বতের পাদদেশে এল এবং কিছুক্ষণ অপেক্ষা করার পর, ঈশ্বরের সাথে দেখা করার জন্য মোশি পর্বতের উপরে গেলেন।



মোশি,
ঈশ্বরের সাথে
চল্লিশ দিন
পর্বতে ছিলেন।
ঈশ্বর দুটি
পাথরে দশটি
আজ্ঞা
লিখলেন।
লোকেরা
কীভাবে
জীবনযাপন
করবে, সেই
সম্পর্কে তিনি
মোশিকে
বললেন।

১। “আমার সাক্ষাতে তোমার অন্য কোনও দেবতা না থাকুক।“

২। “প্রতিমার সামনে মাথা নত কোরো না।“

৩। “ঈশ্বরের নাম অযথা নেবে না।“

৪। “বিশ্রামদিনকে স্মরণ কোরো।“

৫। “পিতা-মাতাকে সম্মান কোরো।“


৬। “নরহত্যা কোরো না।“
৭। “ব্যাভিচার কোরো না।“
৮। “চুরি কোরো না।“
৯। “মিথ্যা কথা বোলো না।“
১০। “লোভ কোরো না।“



মোশি যখন ঈশ্বরের সাথে সীনয় পর্বতে ছিল, তখন ইস্রায়েলীয়রা এক জঘন্য কাজ করেছিল। তারা হারোণকে একটু সোনার বাছুর তৈরি করতে বলেছিল। এবং ঈশ্বরের পরিবর্তে তারা সেটির উপাসনা করেছিল। ঈশ্বর রাগ করেছিলেন, মোশিও ঠিক তাই।

মোশি যখন বাছুরটাকে দেখল, আর লোকদের নাচতে দেখল। তিনি পাথরের ফলক দুটিকে মাটিতে ফেলে চুরমার করে দিলেন। রাগ করে তিনি সোনার বাছুরটাও ভেঙ্গে দিলেন। আর যারা সেটির উপাসনা করেছিল, তিই সেই দুষ্ট লোকদের হত্যা করলেন।

ঈশ্বর আবার সেই দুটি পাথরের ফলক দিলেন। তিনি মোশিকে একটা তাম্বু তৈরি করতে বললেন। একটা বিরাট তাম্বু, যার চারিদিকে বেড়া থাকবে। যেখানে ঈশ্বর তাঁর লোকদের সঙ্গে থাকবেন। তারা ওখানে ঈশ্বরের উপাসনা করবে। আগুন ও মেঘস্তম্ভ দেখে বোঝা যায় যে, ঈশ্বর তাদের সাথে উপস্থিত ছিলেন।



যেই তারা কনান দেশের কাছে উপস্থিত হল, মোশি বারোজন চরকে ঐ দেশ দেখতে পাঠালেন, যা ঈশ্বর তাঁর লোকদের কাছে প্রতিজ্ঞা করেছিলেন। দেশটা সুন্দর ছিল, এতে সমস্ত চরেরা একমত ছিল। কিন্তু যিহোশূয় ও কালেব বিশ্বাস করত যে, ঈশ্বরের সাহায্যে তারা সেই দেশটাকে জয় করতে পারবে।

অন্য দশজন চর ভীত ছিল যে, শহরটা শক্ত ও সেই দেশে দৈত্যাকার লোকেরা আছে। তারা বিলাপ করে বলতে লাগল, “আমরা এই শহরটা নিতে পারব না”।

মিশর থেকে মুক্ত করার সময় ঈশ্বর যে মহান কাজগুলো করেছিলেন, তারা সেগুলি ভুলে গেছিল।

লোকেরা সেই দশ অবিশ্বাসী চরকে অনুসরণ করতে লাগল, তারা কাঁদতে লাগল ও মিশরে ফিরে যাওয়ার কথা চিন্তা করল। এমনকি তারা মোশিকে হত্যা করতে চেয়েছিল।



ঈশ্বর, মোশির জীবনকে রক্ষা করলেন। তারপর তিনি লোকদের বললেন, “চল্লিশ বছর তোমরা প্রান্তরে ভ্রমণ করবে। একমাত্র কালেব ও যিহোশূয় এবং তোমাদের সন্তানরা সেই দেশে প্রবেশ করবে, যে দেশ তোমরা অবজ্ঞা করেছ”।



চল্লিশ বছর

ঈশ্বরের বাক্য থেকে বাইবেলের গল্প, বাইবেল,

যেখানে পাওয়া যায়

যাত্রাপুস্তক ১৫ - গণনাপুস্তক ১৪

"তোমার বাক্য প্রকাশিত হলে তা আলো দান করে ।"
গীতসংহিতা ১১৯:১৩০

সমাপ্ত

বাইবেলের এই গল্প মহান ঈশ্বর সম্পর্কে আমাদের শিক্ষা দেয় যিনি আমাদের নির্মান করেছেন এবং তিনি চান যেন আপনি তাঁর সম্পর্কে জানেন ।

ঈশ্বর জানেন আমরা মন্দ কাজ করেছি, যাকে তিনি পাপ বলেন । পাপের শাস্তি হচ্ছে মৃত্যু, কিন্তু ঈশ্বর আমাদের এতই ভাল বাসলেন যে তিনি তাঁর একমাত্র পুত্র যীশুকে পাঠালেন যেন আমাদের পাপের শাস্তিস্বরূপ তিনি ক্রুশে মৃত্যুবরন করেন । এর পর যীশু মৃত্যু থেকে জীবিত হলেন এবং স্বর্গে চলে গেলেন । যদি আপনি যীশুকে কিশ্বাস করেন এবং আপনার পাপের জন্য তাঁর কাছে ক্ষমা চান, তাহলে তিনি ক্ষমা করবেন । তিনি আসবেন এবং আপনার অন্তরে বাস করবেন, এবং আপনিও তাঁর সংগে অনন্তকাল ধরে থাকবেন ।

আপনি যদি এই সত্যকে বিশ্বাস করেন, তাহলে ঈশ্বরের উদ্দেশ্যে এই কথাগুলো বলুন: প্রিয় যীশু, আমি বিশ্বাস করি যে তুমি আমার প্রভু, এবং আমার পাপের জন্য তুমি মানুষ হয়ে জন্মেছিলে, আর এখন তুমি আবার জীবিত হয়ে উঠেছো । দয়াকরে আমার জীবনে এসো এবং আমার পাপ ক্ষমা করো, যাতে আমি নতুন জীবন পেতে পারি, এবং তোমার সংগে যেন অনন্তকাল ধরে থাকতে পারি । আমাকে সাহায্য কর যেন তোমার সন্তান হিসাবে তোমার বাধ্য থাকতে পারি এবং তোমার জন্য বেঁচে থাকতে পারি । আমেন ।

বাইবেল পড়ুন এবং প্রতিদিন ঈশ্বরের সংগে কথা বলুন! যোহন ৩:১৬